

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অধীনস্থ দপ্তরসমূহের সমন্বয়ে অনুষ্ঠিত ১ম ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান জেলা মৎস্য কর্মকর্তা
সভার তারিখ	১৯/০৯/২০২২ খ্রি.
সভার সময়	সকাল ৯:০০ ঘটিকা।
স্থান	ভার্চুয়াল মাধ্যম
উপস্থিতি	পরিশিষ্ট ক

সভার শুরুতে ভার্চুয়াল মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভার শুরুতে মৎস্য জরীপ কর্মকর্তাকে সভার আলোচ্যবিষয় উপস্থাপনের অনুরোধ জানানো হয়। মৎস্য জরীপ কর্মকর্তা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এর আলোকে সেবাপ্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সূচকের ব্যাখ্যা ও মূল্যায়ন প্রক্রিয়া সম্পর্কে সভাকে অবহিত করেন। অতঃপর সভাপতি সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার আলোকে প্রতিটি প্রতিটি সূচকের বিপরীতে বিশেষ করে ১ম ত্রৈমাসিকের (জুলাই-সেপ্টেম্বর) জন্য নির্ধারিত কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। সে প্রেক্ষিতে মৎস্য জরীপ কর্মকর্তা (ফোকাল পয়েন্ট কর্মকর্তা) সভাকে জানান যে, জেলা মৎস্য দপ্তরের পরিবীক্ষণ কমিটি করা হয়েছে এবং ইতিমধ্যে অত্র দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণসহ কর্মপরিকল্পনা অনুযায়ী অন্যান্য কার্যক্রম বিশেষ করে প্রশিক্ষণ, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের প্রস্তুতি চলমান রয়েছে। এমাসের মধ্যেই এটি বাস্তবায়ন করা হবে। পরবর্তীতে সভাপতি উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের নিকট এসকল কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে জানতে চান। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর সদর ও কাপাসিয়াসহ অন্যান্য কর্মকর্তাগণ সভাকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। অতঃপর সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত মাঠ পর্যায়ের সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর নির্ধারিত ছক মোতাবেক সেবাপ্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

১. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত মাঠ পর্যায়ের সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর নির্ধারিত ছক মোতাবেক সেবাপ্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণঃ প্রতিটি দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শন ও স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। সে অনুযায়ী ১ম ত্রৈমাসিকের সেবাপ্রদান প্রতিশ্রুতি সেপ্টেম্বর ২০২২ মাসের মধ্যে হালনাগাদকরণঃ ওয়েবপোর্টালে আপলোড করতে হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
২. সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান
জেলা মৎস্য কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০২.৩৩০০.৪০০.১৭.০০২.২২.১২০

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯

২৫ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা
- ২) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৩) উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৪) খামার ব্যবস্থাপক (সকল), গাজীপুর
- ৫) জনাব.....



ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান
জেলা মৎস্য কর্মকর্তা